## বিজ্ঞাপন প্রকাশ

শ্রেণীবদ্ধ সহ বিভিন্ন ধরনের দৈনিক অথবা মাসিক বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশিত করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ ।


# এই যুগ
# EI YUG


## ADVERTISMENT

TO PUBLISH VARIOUS TYPES OF DAILY OR MONTHLY ADVERTISEMENT IN NEWSPAPER INCLUDING CLASSIFIEDS , CONTACT- 9062867921.



অনলাইন সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 13 SEPTEMBER 2024 , FRIDAY । ১৩ সেপ্টেম্বর ২০২৪ , শুক্রবার VOLUME । বর্ষ-4 ISSUE । সংখ্যা-396 PAGE । পৃষ্ঠা-4


## চা সুন্দরী প্রকল্প নিয়ে সরব হলেন সাংসদ



মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার , ১২ সেপ্টেম্বর : কোহিনুর গ্রাম পঞ্চায়েতের প্রকৃত শ্রমিকরা চা সুন্দরী প্রকল্প থেকে বঞ্চিত হয়েছেন। বাগানের বাসিন্দা নন অথচ তারা পাট্টা পেয়ে ৬০ হাজার টাকাও পেয়েছেন এমনই অভিযোগ করলেন সাংসদ মনোজ টিগ্গা আলিপুরদুয়ার এসে । বৃহস্পতিবার আলিপুরদুয়ার জেলা শহর সংলগ্ন এলাকায় এসেছিলেন দলীয় একটি কর্মসূচিতে যোগ দিতে আর সেই কর্মসূচিতে এসেই চা সুন্দরী প্রকল্প নিয়ে মুখ খুললেন সংবাদ মাধ্যমের প্রতিনিধির কাছে। কোহিনূর চা বাগানে বঞ্চিত শ্রমিকদের কথা উল্লেখ করেই তিনি বলেন সঠিক তদন্তের প্রয়োজন চা সুন্দরী নিয়ে। চা সুন্দরীর টাকা পাওয়ার পরেও তারা ঘর তৈরি করেছেন কিনা সেটাও তদন্ত হওয়া দরকার। উল্লেখ্য আলিপুরদুয়ার জেলার কোহিনুর চা বাগানে প্রকৃত চা শ্রমিকরা অনেকেই এই প্রকল্পের সুবিধা পাননি অথচ চা বাগানের বাসিন্দা না হয়েও কোটিপতি ব্যবসায়ীরা এই প্রকল্পের সুবিধা পেয়েছেন। এমনকি কোহিনুর চা বাগানের বাসিন্দা না হয়েও তুরতুরি এলাকার বেশ কয়েকজন এই প্রকল্পের সুবিধা ৎ পেয়েছেন। যার দরুন সাংসদ চা সুন্দরী প্রকল্প নিয়ে তদন্তের জন্য সরব হয়েছেন।

## চিনা মাঞ্জায় গুরুতর আহত বাইক আরোহী



বাপন ধাঁড়া, এই যুগ, হাওড়া, ১২ সেপ্টেম্বর : হঠাৎ চলন্ত বাইক গেল উল্টে ,ছিটকে পড়লেন দুই বাইক আরোহী । পা ভেঙে গেল একজনের। পাশ কাটিয়ে যাচ্ছে তখন অজস্র গাড়ি। তবে কেন এরকম হল ? উত্তর চিনা মাঞ্জা। ফের চিনা মাঞ্জা সুতোয় আহত দুই বাইক আরোহী। বুধবার সন্ধ্যায় ঘটনাটি ঘটে হাওড়ার কোনা এক্সপ্রেসওয়েরে গড়ফা ব্রিজের উপর। চিনা মাঞ্জা সুতোর কারনে আহত হয় ওই বাইক আরোহী। তাদের মধ্যে একজনের পা ভেঙে যায়। তাকে হাওড়া হাসপাতালে পাঠানো হয়েছে।

## নবান্ন সভাঘরে অপেক্ষায় মুখ্যমন্ত্রী ,বৈঠক করলেন না জুনিয়র চিকিৎসকেরা



বেবি চক্রবর্তী , এই যুগ , হাওড়া , ১২ সেপ্টেম্বর : বৃহস্পতিবার বিকেলে প্রায় দেড় ঘণ্টা ধরে নবান্ন সভাঘরে অপেক্ষায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নবান্নে এলেও বৈঠক করলেন না জুনিয়র চিকিৎসকেরা। এই আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের এক ও একমাত্র শর্ত বৈঠকের লাইভ স্ট্রিমিং না হলে তাঁরা আলোচনায় বসবেন না। অন্যদিকে, লাইভ স্ট্রিমিংয়ের শর্ত মানতে নারাজ রাজ্য সরকারও। তার যুক্তিও দিলেন রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তাঁর মন্তব্য, বিষয়টি বিচারাধীন, তাই লাইভ স্ট্রিমিং করা সম্ভব নয়। জুনিয়র চিকিৎসকদের এই আন্দোলন - অনশন- কর্মবিরতি ফলে রোগীরা ভোগান্তি স্বীকার। সাধারণ জনতা প্রশ্ন করেন আর জি কর কান্ড নিয়ে তোলপাড় যখন রাজ্য থেকে রাজনীতি একদিকে আন্দোলনরত চিকিৎসকদের কর্মবিরতি চলছে কিন্তু রাজ্যের গ্রামীণ হাসপাতালগুলোতে অর্ধেক দিন ডাক্তার থাকে না , জরুরি বিভাগে মাঝে মধ্যেই দেখা যেত চিকিৎসকদের জুলুম। এখন পেসেন্ট কম এই কথা হাতিয়ার করে নির্দিষ্ট সময়ের আগেই চিকিৎসাকরা চলে যেতেন। লাঞ্চ টাইম - রেস্ট টাইম চলে এমার্জেন্সি ডাক্তারদের নানা বাহানা। সাধারণ গরিব এবং মধ্যবিত্ত রুগি পরিবার চিকিৎসা পরিষেবা নিতে গ্রামগঞ্জ থেকে শহরের হাসপাতালে আসতে হয়! রাজ্যের বিভিন্ন গ্রামীণ হাসপাতালে উপযুক্ত চিকিৎসক না থাকায় বিপাকে রাজ্যের গ্রামীণ সরকারী হাসপাতাল। জুনিয়র চিকিৎসক এবং রাজ্য সরকারের দু তরফেই সমান গাফিলতির কথা তুলে ধরেন সাধারণ জনতা। এদিন জুনিয়র চিকিৎসকরা বৈঠকে না উপস্থিত থাকায় দুঃখ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

## চাকুরী প্রার্থীদের প্রশিক্ষনে উদ্যোগী পুলিশ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ১২ সেপ্টেম্বর: মুর্শিদাবাদ পুলিশ জেলার হরিহরপাড়া থানা এলাকার যেসব যুবক যুবতী সেনা , আধা সেনা , পুলিশ দপ্তরের চাকুরির প্রতিযোগিতা মূলক পরীক্ষা দিতে ইচ্ছুক তাদের বিনামূল্যে প্রশিক্ষন এর ব্যবস্থা করেছে হরিহরপাড়া থানা। জানা গেছে প্রতিদিন থানার মাঠে দৌড় সহ শারিরীক সক্ষমতার অনুশীলন করান অভিজ্ঞ প্রশিক্ষক। পাশাপাশি থানার মধ্যে অবস্থিত রবীন্দ্র কক্ষে বিভিন্ন বিষয় ভিত্তিক ক্লাস করান অভিজ্ঞ শিক্ষকগন। পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী।

## দূর্গাপূজার আগে লেডিস স্পেশাল বাস চালুর উদ্যোগ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১২ সেপ্টেম্বর: দূর্গাপূজার আগে লেডিস স্পেশাল বাস চালুর উদ্যোগ গ্রহন করলো উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম। বৃহস্পতিবার শিলিগুড়ি স্টেট গেস্ট হাউজে আয়োজিত নিগমের বোর্ড মিটিং শেষে সাংবাদিকদের একথা জানান উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম এর চেয়ারম্যান পার্থপ্রতিম রায়। তিনি আরও জানান যাত্রী পরিষেবা আরও উন্নত করার লক্ষ্যে নিগম বেশ কিছু পরিকল্পনা গ্রহন করেছে। যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিটি বাসে সি সি ক্যামেরা বসানো হবে। সিএনজি ও বৈদ্যুতিক বাস পরিষেবার উপর জোড় দেওয়া হচ্ছে। এছাড়াও আগামীতে ভুটান ও বাংলাদেশের সাথে বাস পরিষেবা চালুর পরিকল্পনা গ্রহন করা হয়েছে বলেও তিনি জানান।

## যোগাযোগে সমাধান কর্মসূচিতে জেলাশাসক ও পুলিশ সুপার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১২ সেপ্টেম্বর: জলপাইগুড়ি জেলার কোতোয়ালি থানার অন্তর্গত নন্দনপুর বোয়ালমারী গ্রাম পঞ্চায়েত এলাকায় বৃহস্পতিবার যোগাযোগে সমাধান কর্মসূচিতে অংশ গ্রহন করেন জেলাশাসক শামা পারভিন ও পুলিশ সুপার খন্ডবাহলে উমেশ গণপত। এই কর্মসূচিতে অংশ গ্রহন করে এদিন তারা গ্রাম পঞ্চায়েত এলাকার একটি স্কুলে যান ও মিড ডে মিলে ছাত্র ছাত্রীদের সাথে অংশগ্রহণ করেন। এরপর যান স্থানীয় বাজার পরিদর্শনে। বাজারে ক্রেতা বিক্রেতা ও সাধারন মানুষের সাথে মত বিনিময় করেন। জন স্বাস্থ্য কারিগরি দপ্তরের পাম্পিং স্টেশন পরিদর্শন করে বাড়ি বাড়ি নল বাহিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা খতিয়ে দেখেন। অঙ্গনওয়াড়ী কেন্দ্র পরিদর্শন করে মায়েদের ও শিশুদের সাথে কথা বলে কল্যানমুলক পদক্ষেপগুলির পর্যালোচনা করেন। স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করে স্বাস্থ্য পরিষেবার পরিস্থিতি খতিয়ে দেখেন। স্বনির্ভর গোষ্ঠীর মহিলা সদস্যদের মুরগীর শাবক বিতরন করে জানান এগুলি তাদের জীবিকা নির্বাহের সহায়ক হবে। জেলাশাসক আরও জানান জেলা প্রশাসন জেলার প্রতিটি কোনার উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ।

# জেলার কথা

## তিন লক্ষ টাকা ক্ষতি হলো ছোট চৌকির বসে



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,১২ সেপ্টেম্বর : ছোট চৌকির বস এলাকায় হাতির তাণ্ডবে ক্ষতি হলো কম করে তিন লক্ষ টাকা এমনটাই জানা গেছে এলাকার ক্ষতিগ্রস্ত কৃষকদের কাছ থেকে বৃহস্পতিবার বিকেলে । বুধবার গভীর রাতে বক্সা ব্যাঘ্র প্রকল্পের সাউথ রায়ডাক রেঞ্জের ছিপড়া জঙ্গল থেকে ২৫ টি হাতি এসে চাষের ক্ষেতে তান্ডব চালালো। ক্ষতিগ্রস্ত হলেন বেশ কয়েকজন কৃষক। বনদপ্তরের কর্মীদের কাছ থেকেই জানা গেছে বনদপ্তরের কর্মীরা ওই এলাকাতেই ছিলেন রাতে হাতি তাড়ানোর জন্য। রাত তিনটা নাগাদ এক পাল হাতি এসে তাণ্ডব চালায় সদ্য লাগানো কফি ক্ষেতে। চাষীদের কাছ থেকে জানা যায় ৫ বিঘারও বেশি কপি ক্ষেত পিষে দেয় হাতির পাল। কৃষক দের কথায় এক বিঘা কপি ক্ষেতে খরচ হয় কম করে ৪০ হাজার টাকা। যদিও পুজোর পরেই কৃষকরা কপি বাজারে বিক্রি করার পরিকল্পনা করেছিলেন। রাতেই বনদপ্তরের কর্মীরা হাতি গুলিকে জঙ্গলে ফিরিয়ে নিয়ে যান। ক্ষতিগ্রস্ত কৃষক বিবেক দেবনাথ বিশ্বজিৎ দেবনাথ অভিযোগ করেন তাদের প্রায় তিন লক্ষ টাকার ফসল নষ্ট করে দিয়েছে হাতির পাল। এলাকার অজিত দেবনাথ জানান তার একটি সুপারি বাগান ভেঙ্গে দিয়েছে হাতির পাল। বক্সা ব্যাঘ্র প্রকল্পের সাউথ রায়ডাক রেঞ্জের বনকর্তা জানিয়েছেন প্রত্যেকটি কৃষককে সরকারিভাবে ক্ষতিপূরণ দেওয়া হবে।

## অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ভেতর থেকে সহায়িকার ঝুলন্ত দেহ উদ্ধার




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ সেপ্টেম্বর : এক অঙ্গনওয়াড়ি কর্মীর মৃত্যু কে ঘিরে রহস্যের দানা বেঁধেছে কুমারগ্রাম থানা এলাকায় । অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ভেতর থেকে উদ্ধার হল ওই কেন্দ্রেরই সহায়িকার ঝুলন্ত দেহ। ঘটনায় ব্যাপক শোরগোল পড়ে গিয়েছে এলাকায়। ঘটনাটি ঘটেছে কুমারগ্রাম ব্লকের অসম-বাংলা সীমানার পাকরিগুড়ি এলাকায়। বারবিশা ফাঁড়ির পুলিশ বৃহস্পতিবার বিকেলে অঙ্গনওয়াড়ি সহায়িকার ঝুলন্ত দেহ উদ্ধার করে ফাঁড়িতে আনে। শুক্রবার মৃতদেহ ময়নাতদন্তে পাঠানো হবে বলে পুলিশ জানিয়েছে। জানা গিয়েছে , ওই অঙ্গনওয়াড়ি সহায়িকার নাম বাবলি দে , বয়স ৫৬। বুধবার সারাদিন খোঁজার পরেও তাঁর কোনও সন্ধান পাওয়া যাচ্ছিল না। বৃহস্পতিবার দুপুরের দিকে বাবলি দের মেয়ে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ভেতরে তাঁর ঝুলন্ত দেহ দেখতে পান। এরপর পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ভল্কা-বারবিশা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের সদস্য ইন্দ্রজিৎ দাস বলেন , 'আমরা যতদূর জানতে পেরেছি , উনার বাড়িতে কোনও সমস্যা ছিল না। হয়তো মানসিক কোনও চাপে তিনি এই কাজ করেছেন।'

# এবার নবান্ন অভিযানে জুনিয়ার চিকিৎসকরা



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,কলকাতা ,১২ সেপ্টেম্বর:এদিন ৩০ প্রতিনিধি নিয়ে নবান্ন অভিযানে জুনিয়ার চিকিৎসকরা। নিজেদের দাবিতে অনড় থেকে তাঁরা ৩০ জন প্রতিনিধি নিয়েই নবান্নে মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে যাবেন বলে সাফ জানিয়েছেন। বিষয়টি মুখ্যসচিবকে পাল্টা ইমেল করে জানিয়েছেন আন্দোলনরত চিকিৎসকরা। নবান্ন অভিযানের আগে সাংবাদিকদের মুখোমুখি হন আন্দোলনরত চিকিৎসকরা। সেখানেই তাঁরা জানিয়েছেন যে বিকেল ৫ টায় নবান্নে তাঁদের সঙ্গে বৈঠকের কথা মুখ্যসচিব তাঁর মেইলে জানান বিষয়টি। প্রসঙ্গত বৃহস্পতিবার বিকেলে আন্দোলনকারীদের চিঠি দেন মুখ্যসচিব। সেখানে তিনি জানান ,বিকেল ৫ টায় নবান্নে তাঁদের সঙ্গে বৈঠকে বসবে রাজ্য। থাকবেন মুখ্যমন্ত্রী নিজেও। সেখানে জুনিয়ার ডাক্তারদের ১৫ জন প্রতিনিধিকে উপস্থিত থাকার কথা বলা হয়েছে। বিষয়টিতে স্বচ্ছতা ধরে রাখতে তা রেকর্ড করা যেতে পারে বলেও মুখ্যসচিব জানান। তবে নিজেদের দাবিতে অনড় থেকে সেখানে ৩০ জন প্রতিনিধিকেই নিয়ে যাচ্ছেন চিকিৎসকরা। পাশাপাশি আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকরা জানিয়েছেন ৩০ জনের কমে প্রতিনিধি দল নিয়ে বৈঠক সম্ভব নয়'। তাঁর আরও জানিয়েছেন যে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চাই।' বিকেল ৪.৪৫ মিনিটের মধ্যে তাঁদের নবান্ন পৌঁছনোর কথা জানা গিয়েছে। রাজ্য প্রশাসনের সঙ্গে মুখোমুখি বসতে এই ৩০ জন প্রতিনিধিকে নিয়ে বাস প্রস্তুত করে , আন্দোলনরত ডাক্তাররা যাচ্ছেন নবান্নে। এছাড়াও গোটা পর্বের লাইভ স্ট্রিমিং এরও দাবি তাঁরা জানিয়েছেন। তাঁদের দাবি , সুপ্রিম কোর্টের শুনানি যদি লাইভ হতে পারে, তাহলে এই আলোচনা লাইভ স্ট্রিমিং করা যেতে পারে। সেই দাবির কথা তাঁরা নবান্নে জানাবেন বলেও মুখ খুলেছেন আন্দোলনরত চিকিৎসকরা। ৫ দফা দাবি নিয়েই আলোচনা করতে চান তাঁরা। এই বিষয়ে তাঁরা মুখ্যসচিবকে পাল্টা ইমেল করে বক্তব্য জানান তাঁদের।

# খড়গপুরে ট্রাকের ধাক্কায় মৃত্যু যুবকের , পাল্টা ক্ষিপ্ত জনতার মারে মৃত্যু ট্রাক চালকের ,মার খেল পুলিশও



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,পশ্চিম মেদিনীপুর ,১২ সেপ্টেম্বর : ট্রাকের ধাক্কায় মৃত্যু হল এক যুবকের ঘটনাকে কেন্দ্র করে রাতে রণক্ষেত্র হয়ে ওঠে রেল শহর খড়গপুর। জানা গিয়েছে , বুধবার রাতে খড়গপুরের নিউ ট্রাফিক এলাকায় একটি ভয়াবহ দুর্ঘটনা ঘটে। স্থানীয়দের মতে বেপরোয়া গতিতে আসা একটি পেঁয়াজ ভর্তি ট্রাক এক স্কুটিচালককে ধাক্কা মারে , ঘটনাস্থলেই যুবকের মৃত্যু হয়। এই ঘটনায় ক্ষুব্ধ জনতা ট্রাক চালককে ব্যাপক মারধর করে , মৃত্যু হয় ট্রাক চালকের।মৃত স্কুটিচালক যুবকের নাম অর্জুন নায়েক। তিনি নিউ ট্রাফিক এলাকার আম্বেদকর কলোনীর বাসিন্দা ছিলেন। এদিন দুর্ঘটনার পরেই উত্তেজিত জনতা ঘাতক ট্রাকের চালকের উপরে চড়াও হন। পুলিশের কাছ থেকে এক প্রকার ছিনিয়ে নিয়ে গিয়ে বেধড়ক মারধর করেন ক্ষুব্ধ মানুষজন। ঘটনাস্থলে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। কিন্তু উত্তেজিত জনতার সাথে সংঘর্ষে খড়গপুর টাউন থানার আইসি রাজীব পালও আহত হন। পরিস্থিতি সামলাতে উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করতে পুলিশকে লাঠিচার্জ করতে হয়।রাতেই ট্রাক চালককে আশঙ্কাজনক অবস্থায় মেদিনীপুর মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়। কিন্তু সেখানে তার অবস্থা গুরুতর থাকায় তাকে কলকাতায় স্থানান্তরিত করা হয়। এদিন রাতেই কলকাতা নিয়ে যাওয়ার পথে চালকের মৃত্যু হয়। জানা গিয়েছে মৃত ট্রাক চালক মহারাষ্ট্রের বাসিন্দা। দুর্ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র উত্তেজনা ছড়ায়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করে। তবে বৃহস্পতিবার জেলা পুলিশের তরফে জানানো হয়েছে এলাকায় পরিস্থিতি আপাতত স্বাভাবিক রয়েছে। গোটা ঘটনা খতিয়ে দেখছে পুলিশ।

# আকাশবাণী ও দূরদর্শনের বিশিষ্ট সংবাদ পাঠিকা ছন্দা সেন প্রয়াত



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,কলকাতা ,১২ সেপ্টেম্বর : প্রয়াত আকাশবাণী এবং দূরদর্শনের সংবাদ পাঠিকা ছন্দা সেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। বুধবার রাত ২.২৫ নাগাদ এসএসকেএম হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। বহু দিন ধরেই অসুস্থ ছিলেন কিংবদন্তি সংবাদ পাঠিকা।হৃদ যন্ত্রের পাশাপাশি চোখের সমস্যাও ছিল। জানা যায় , গত এক বছর ধরে বহুবার অসুস্থ হয়েছেন তিনি। গত কয়েকদিন ধরে কলকাতা এসএসকেএমে ভর্তি ছিলেন। দাহ করার আগে মরদেহ নিয়ে যাওয়া হবে আকাশবাণী ভবনে।লেডি ব্রেবর্ন কলেজ থেকে পড়াশোনা করেন ছন্দা সেন। ১৯৭৪ সালে সংবাদ পাঠিকা হিসাবে আকাশবাণীতে যোগ দেন তিনি। তার এক বছর পরেই ১৯৭৫ সালে যোগ দেন দূরদর্শনে। শুরু থেকে তাঁর দৃঢ় ব্যক্তিত্ব এবং অসাধারণ কণ্ঠস্বর মুগ্ধ করেছিল দর্শকদের। ২০০৬ সালে অবসর গ্রহণ করেন তিনি। কলকাতার ভবানীপুরে স্বামী এবং মেয়ের সাথেই থাকতেন তিনি।ছন্দাদেবীর প্রয়াণে শোকপ্রকাশ করেছেন আকাশবাণীতে তাঁর দীর্ঘ দিনের বন্ধু জলি ব্রহ্ম।শোক প্রকাশ করেন তৃণমূল মুখপাত্র কুনাল ঘোষ , মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। -ফাইল চিত্র।

# মধ্য প্রদেশ সরকারের কারণে বীরগঞ্জ পরিবহন ব্যবস্থার কাজ ব্যাহত হচ্ছে

বিশেষ সংবাদদাতা ,এই যুগ , মধ্য প্রদেশ ,১২ সেপ্টেম্বর : মধ্যপ্রদেশ সরকারের দাপটের কারণে পরিবহন ব্যবস্থাপনা অফিস বীরগঞ্জের ড্রাইভিং লাইসেন্স (লাইসেন্স) এর লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় বিঘ্ন সৃষ্টি হয়েছে। একজন থেমে গেছে।বীরগঞ্জ পরিবহন অফিসে ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার অনিশ্চয়তায় হাজার হাজার লাইসেন্সধারী এখন চাপে। পরিবহন সেক্টরে কর্মরত একজন কর্মচারী বলেন , কিছু লোকের স্বার্থের কারণে এখন সাধারণ গ্রাহকরা সমস্যায় পড়েছেন।
লাইসেন্সের লিখিত ও ব্যবহারিক পরীক্ষা স্থগিত করার পর সেবা থেকে বঞ্চিত হয়েছেন সেবা ব্যবহারকারীরা। সেবা থেকে বঞ্চিত হওয়ায় যন্ত্রণা , ভোগান্তি ও অভিযোগ নিয়ে অফিসে আসছেন তারা।

# প্রয়াত সিপিআইএমের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ , দিল্লি ,১২ সেপ্টেম্বর : বাম রাজনীতি থেকে এবার চিরবিদায় জানালেন সিপি আই এম এর সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি। বয়স হয়েছিল ৭২ বছর। গত ১৯ অগাস্ট ফুসফুসে ফুসফুসের সংক্রমণ এবং জ্বর নিয়ে দিল্লির এইমসে ভর্তি করা হয় প্রবীণ রাজনীতিবিদকে। প্রথম থেকেই আইসিইউয়ে রাখা হয়েছিল তাঁকে। সোমবার থেকে তাঁর শারীরিক অবস্থার আরও অবনতি হয়। অবশেষে আজ বৃহস্পতিবার দুপুরের দিকে শেষ নি:শ্বাস ত্যাগ করলেন বর্ষীয়ান এই নেতা। ১৯ অগাস্ট থেকেই সিপিআইএমের প্রবীণ নেতাকে শারীরিক অসুস্থতার কারণে এইমস-এ ভর্তি করা হয়। ফুসফুসের সংক্রমণের কারণে শ্বাস প্রশ্বাসে সমস্যা দেখা দেওয়ায় গত সোমবার থেকে রেসপিরেটরি সাপোর্টে রাখা হয়েছিল তাঁকে। ২৫ দিনের লড়াই শেষে অবশেষে প্রয়াত হলেন ভারতীয় রাজনীতির বিশিষ্ট এই বামনেতা। ১৯৫২ সালে তৎকালীন মাদ্রাজে (চেন্নাই)-র এক তেলেগু ব্রাহ্মণ পরিবারে জন্মেছিলেন সীতারাম ইয়েচুরি। দিল্লির সেন্ট স্টিফেন্স কলেজ থেকে অর্থনীতিতে বিএ এবং জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয় থেকে এমএ ডিগ্রি অর্জন করেছিলেন তিনি। ছাত্র-জীবন থেকেই বাম রাজনীতিতে জড়িয়ে পড়েছিলেন। তিনবার জেএনইউ ছাত্র ইউনিয়নের সভাপতি নির্বাচিত হন। ১৯৭৫ জরুরি অবস্থার সময় জেএনইউ-এর ছাত্র থাকাকালীন গ্রেফতার হয়েছিলেন সীতারাম। ওই বছরই তিনি ভারতের কমিউনিস্ট পার্টির সদস্য হয়েছিলেন। ২০১৫ সালের ১৯ এপ্রিল সিপিএমের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের দায়িত্ব গ্রহণ করেছিলেন সীতারাম। গত ৯ বছর ধরে সেই দায়িত্ব পালন করছিলেন তিনি। ২০০৫ থেকে ২০১৭ সাল পর্যন্ত তিনি রাজ্যসভার সদস্য ছিলেন। তার প্রয়াণের খবরে শোকের ছায়া নেমে এসেছে দেশের কমিউনিস্ট দলগুলির মধ্যে। অন্য রাজনৈতিক দলগুলির পক্ষ থেকেও প্রয়াত বামনেতার প্রয়াণে গভীর শোক প্রকাশ করা হয়েছে।-ফাইল চিত্র।

# উদ্ধার গুলি সহ আগ্নেয়াস্ত্র , গ্রেপ্তার এক




নিজস্ব সংবাদদাতা , এই যুগ , মুর্শিদাবাদ , ১২ সেপ্টেম্বর : মুর্শিদাবাদ জেলা পুলিশের ডোমকল থানার পুলিশ বৃহস্পতিবার দুপুরে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে জুগিন্দা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। তার হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র ও দুই রাউন্ড গুলি। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়েছে ও ধৃতকে আদালতে পাঠানো হয়েছে। ধৃত ব্যক্তি কোথা থেকে কি উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র ও গুলি সংগ্রহ করেছে বা তার সাথে আরও কেউ আছে কিনা সেসব বিষয় খতিয়ে দেখছে পুলিশ।




13 SEPTEMBER 2024 , শুক্রবার

**লেখা প্রকাশ**

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশ করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ

# এইচআরএইচ প্রিন্স জিগেল উগিয়েন ওয়াংচুকের প্রেসিডেন্ট হিসেবে নির্বাচত




বেবি চক্রবর্তী ,এই যুগ , দিল্লি ,১২ সেপ্টেম্বর : ২০২৪ থেকে ২০২৮ মেয়াদে দক্ষিণ এশিয়ার জন্য অলিম্পিক কাউন্সিল অফ এশিয়া (ওসিএ) এর ভাইস প্রেসিডেন্ট হিসাবে এইচআরএইচ প্রিন্স জিগেল উগিয়েন ওয়াংচুকের নির্বাচন ঘোষণা করে বিওসি রোমাঞ্চিত। নির্বাচনটি হয়েছিল ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত ৪৪ তম OCA সাধারণ পরিষদ।HRH, অবস্থানের জন্য একমাত্র প্রার্থী , পক্ষে ৪২ ভোট , বিপক্ষে ১ ভোট এবং ২ জন বিরত থাকার সাথে অপ্রতিরোধ্য সমর্থন অর্জন করেছে। এই নির্ধারক ফলাফল এশিয়ায় , বিশেষ করে দক্ষিণ এশিয়ায় ক্রীড়াকে এগিয়ে নেওয়ার HRH প্রিন্স জিগেল উগিয়েন ওয়াংচুকের ক্ষমতার প্রতি সাধারণ পরিষদের দৃঢ় আস্থা প্রতিফলিত করে।ভাইস প্রেসিডেন্ট হিসেবে, এইচআরএইচ প্রিন্স জিগেল উগিয়েন ওয়াংচুক অলিম্পিক মূল্যবোধের প্রচারে এবং অঞ্চল জুড়ে ক্রীড়া উন্নয়ন বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। তার নেতৃত্ব OCA-এর উদ্যোগ এবং লক্ষ্যগুলির প্রতি নতুন শক্তি , ফোকাস এবং প্রতিশ্রুতি আনতে প্রত্যাশিত। BOC HRH-কে তার নির্বাচনের জন্য আন্তরিক অভিনন্দন জানায় এবং OCA-এর মিশনে অলিম্পিজম এবং ক্রীড়া উন্নয়নে এশিয়া জুড়ে তার মূল্যবান অবদানের জন্য অপেক্ষা করছে। ভুটান অলিম্পিক কমিটিও রাজা রণধীর সিংকে অলিম্পিক কাউন্সিল অফ এশিয়ার সভাপতি নির্বাচিত করার জন্য অভিনন্দন জানিয়েছে। অলিম্পিক আন্দোলনের প্রতি তার গভীর-মূল আবেগ এবং অলিম্পিক আন্দোলনের প্রতি উৎসর্গ তার সমগ্র কর্মজীবনে স্পষ্ট হয়েছে , এবং আমরা নিশ্চিত যে তার নেতৃত্বে , OCA ক্রমাগত উন্নতি করবে এবং শ্রেষ্ঠত্ব , বন্ধুত্ব এবং সম্মানের মূল্যবোধকে আরও প্রচার করবে। এশিয়ান ক্রীড়া সম্প্রদায়।ভুটান অলিম্পিক কমিটিও OCA-এর কার্যনির্বাহী বোর্ডের (EB) সকল নবনির্বাচিত সদস্যদের অভিনন্দন জানাতে চায়। আমরা এশিয়ান অলিম্পিক পরিবারের ঐক্য ও শক্তিকে সমুন্নত রাখার জন্য EB-এর নেতৃত্বের অপেক্ষায় রয়েছি। এশিয়ার অলিম্পিক কাউন্সিল হল এশিয়ায় অলিম্পিক আন্দোলনের নিয়ন্ত্রক সংস্থা , যা এশিয়ান গেমস এবং অন্যান্য আঞ্চলিক ক্রীড়া ইভেন্ট আয়োজনের জন্য দায়ী। OCA অলিম্পিজমের প্রচার এবং মহাদেশ জুড়ে খেলাধুলার উন্নয়নে সহায়তা করার জন্য নিবেদিত।

# সময়

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

সোনালী রোদ দুহাত তুলে করে সূর্য ,-সংহার ,
মনে হয় শৈশব থেকে চলছে মিথ্যাচার ,
সমুদ্রের উত্তাল-তরঙ্গতে নেই কোনো উচ্ছ্বাস ,
অবকাশ বা ব্যাকুলতার ভাষাতে নেই যে কোন উল্লাস ,
সাফল্যের সিঁড়ি সত্যিই বড়ই ভয়ংকর ,
জীবনের প্রতিক্ষনে রয়েছে ,
আমাদের সুন্দরের কামনা আর সংশয় ,
ভাগ্যের পতনের প্রতি-পদে হয়েছে উপমা ,
বারবার ফিরে আসে ,
এক অসহনীয় ব্যর্থতা ,
অসহনীয় ভাবে ব্যর্থ হয়ে ,
তবুও পথ চেয়ে বসে থাকে ,
একসময় তো মানুষ পথভ্রষ্ট হয়ে যায়।
সে ব্যর্থ হয়ে , সাফল্যের পথে চেয়ে থাকে ,
ইতিহাস লিখতে সময়ের কাছে হেরে যায় ,
নির্দিষ্ট নিয়মে একসময়ে জীর্ণ হয়ে বিলীন হয় ,
চোখে চেয়ে দেখা ,কানে শোনা ,
অন্যের নিপুন হাতের সেবা , চলছে যে গুঞ্জন ,
সময়ের কৃপণতা শুধু এই ভাবে ধরা দেয় ,
শুধু ভাবি কেন যে চিত্ত সত্ত্বাকে,
সময়ের সাথেই ধরা দিতেই হয় ,
সময় যে অল্প , এই স্বল্প সময়ের মধ্যে ,
সবাইকেই ধরা দিতে হয় ,
সবাইকেই ধরা দিতেই হয়।।

# জেলা হাসপাতালে নিরাপত্তা জোরদার করতে উচ্চপর্যায়ের বৈঠক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , পশ্চিম মেদিনীপুর , ১২ সেপ্টেম্বর : পশ্চিম মেদিনীপুরের বিভিন্ন হাসপাতালে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করার লক্ষ্যে বৃহস্পতিবার একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। মেদিনীপুর মেডিক্যাল কলেজসহ জেলার সমস্ত মহকুমা হাসপাতাল ও সুপার স্পেশালিটি হাসপাতালের নিরাপত্তা বিষয় নিয়ে এই বৈঠকটি হয়েছে।জেলাশাসক খুরশিদ আলী কাদেরীর নেতৃত্বে অনুষ্ঠিত এই বৈঠকে জেলা পুলিশ সুপার , জেলার মুখ্য স্বাস্থ্য অধিকারিক , মেদিনীপুর মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল , সুপার এবং জেলার অন্যান্য হাসপাতালের সুপাররা উপস্থিত ছিলেন।সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে জেলার সমস্ত হাসপাতালে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার বিষয়ে এই বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে। বিশেষ করে, মেদিনীপুর মেডিক্যাল কলেজসহ বিভিন্ন হাসপাতালে কতগুলি সিসিটিভি ক্যামেরা লাগবে , শৌচাগার ও মহিলা চিকিৎসকদের রেস্ট রুমের জন্য কী ধরনের নিরাপত্তা ব্যবস্থা করা হবে , সেইসব বিষয়েও বিস্তারিত আলোচনা হয়েছে। জেলার মুখ্য স্বাস্থ্য অধিকারিক ডঃ সৌম্যশঙ্কর সারেঙ্গী জানিয়েছেন , এই বৈঠকে আলোচিত বিষয়গুলির উপর ভিত্তি করে খুব শীঘ্রই একটি বিস্তারিত প্রতিবেদন স্বাস্থ্য ভবনে পাঠানো হবে।






EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S - DOMJUR ,DISTRICT -HOWRAH , PIN -711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE " ,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA ,P.S-DOMJUR , STATE - WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO -9062867921 ,9836753661 । EMAIL-EIYUGNEWSPAPER@GMAIL.COM , NEWSPAPER EIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।